



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৭/৭৮৩(২)

তারিখঃ ২৬/১২/২০১৭

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ড ভবন-০১ এর কলেজ শাখা হতে অফিস চলাকালীন সময়ে বিতরণ করা হবে।

জেলার নাম	বিতরণের তারিখ	বই আকারে বাঁধাই করার পর জমার তারিখ
রংপুর ও লালমনিরহাট	০১/০১/২০১৮	১৫/০১/২০১৮
গাইবান্ধা ও কুড়িগ্রাম	০২/০১/২০১৮	১৬/০১/২০১৮
দিনাজপুর ও পঞ্চগড়	০৩/০১/২০১৮	১৭/০১/২০১৮
নীলফামারী ও ঠাকুরগাঁও।	০৪/০১/২০১৮	১৮/০১/২০১৮

নির্ধারিত সময়ে অধ্যক্ষকে অথবা অধ্যক্ষের প্রাধিকার প্রাপ্ত ব্যক্তিকে (প্রাধিকার পত্রে অবশ্যই অধ্যক্ষের মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে) ফরওয়ার্ডিং সহ কলেজ শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে দায়িত্ব পালনের প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে।

উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ডে ভুল পরিলক্ষিত হলে প্রতি রেজিস্ট্রেশন কার্ডের জন্য ১০০/- (একশত) টাকার সোনালী সেবার মাধ্যমে ফি জমার রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্র সহ অধ্যক্ষের মাধ্যমে আগামী ০৭/০১/২০১৮ তারিখে রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম জেলা এবং ০৮/০১/২০১৮ তারিখে দিনাজপুর নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড় জেলার কলেজ সমূহকে কলেজ শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো।


সংশোধনের জন্য কাগজপত্র জমা দেওয়ার নির্ধারিত তারিখ উত্তীর্ণ হবার পর যদি কেহ রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য বোর্ডে কাগজপত্র প্রেরণ করেন তাহলে প্রতি রেজিস্ট্রেশন কার্ডের জন্য ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা ফি (সোনালী সেবার মাধ্যমে) প্রদান করতে হবে।

- বিঃ দ্রঃ ১) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে On-line এ রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের প্রিন্টআউট কপি রেজিস্ট্রেশন গ্রহণের তারিখে কলেজ পরিদর্শক কক্ষে জমা দিয়ে পরবর্তীতে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে।
- ২) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় কলেজ থেকে ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।
- ৩) উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়নের হালনাগাদ কপি জমা দিতে হবে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ  
অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ


সদয় অবগতি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। পি, এস, টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ৫। ওয়েব সাইট কপি।
- ৬। অফিস কপি।

  
(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
দিনাজপুর।

টেলিফোন- ০৫৩১-৫১৮৮২

  
২৬/১২/২০১৭